

এআইইউবি আন্তঃকলেজ গেমসে রাজউক উত্তরা মডেল কলেজ চ্যাম্পিয়ন

প্রেস রিলিজ

১২ জানুয়ারি ২০২৩ ০৭:২১ পিএম | আপডেট: ১২ জানুয়ারি ২০২৩

০৭:২১ পিএম



advertisement

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশের (এআইইউবি) এর অফিস অব স্পোর্টস এর উদ্যোগে এআইইউবি আন্তঃকলেজ গেমস-২০২২ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আজ ১২ই জানুয়ারি, ২০২৩ ইং তারিখে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। ঢাকা মহানগরীর ৪২টি কলেজের ১২৫০ জন শিক্ষার্থী এই গেমসে অংশগ্রহণ করেন। বাস্কেটবল, হ্যান্ডবল, ভলিবল, ব্যাডমিন্টন, দাবা এবং টেবিল টেনিসসহ ভিন্ন ভিন্ন ১৬টি খেলায় কলেজগুলো অংশগ্রহণ করে।

এই গেমসের বিভিন্ন পর্বের খেলায় বিচারকদের নির্ধারিত পয়েন্ট তালিকার বিচারে রাজউক উত্তরা মডেল কলেজ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বিএএফ শাহীন কলেজ ঢাকা রানার্স আপ এবং সেন্ট গ্রেগরী হাই স্কুল এন্ড কলেজ তৃতীয় স্থান অধিকার করে। এই গেমসের বিভিন্ন পর্বে ক্রীড়া নৈপুণ্যের জন্য নির্বাচিত প্রায় ৩০০ জনের অধিক শিক্ষার্থী বিজয়ী হওয়ার কৃতিত্ব অর্জন করে এবং তাদের মাঝে পুরস্কার ও ক্রেস্ট প্রদান করা হয়।

advertisement

এআইইউবি আন্তঃকলেজ গেমসের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এআইইউবি'র ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান জনাব ইশতিয়াক আবেদীন প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। তিনি অংশগ্রহনকারী ছাত্র-ছাত্রীদের ধন্যবাদ ও অভিনন্দন জ্ঞাপন করেন। পরে তিনি বিজয়ী দল ও কৃতি খেলোয়াড়দের হাতে পুরস্কার ও ট্রফি তুলে দেন।

advertisement 4

এ সময় উপস্থিত ছিলেন এআইইউবি এর প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আবদুর রহমান। এ ছাড়া অনুষ্ঠানে এআইইউবি'র রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-শিক্ষিকা, উর্ধ্বতন কর্মকর্তাগণ, অংশগ্রহণকৃত কলেজসমূহের প্রতিনিধিবৃন্দ ও বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। সমাপনী অনুষ্ঠানের শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে এআইইউবি পারফর্মিং আর্টস ক্লাব (এপ্যাক) এর সদস্যরা সংগীত পরিবেশন করেন।